



# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রারের কার্যালয়

www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/৯০/৩ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বচ্ছলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/রেজি/গভ./বিবিধ/২০২০/ ৮৬৭

তারিখ :

৩১ জানুয়ারি ২০২১  
০৪ ফেব্রুয়ারি ২০২১

## অফিস আদেশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত, অধিভুক্ত ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষের অনুপস্থিতিতে এবং নিয়মিত গভর্নিং বডি/এডহক কমিটির মেয়াদ উত্তীর্ণ হলে/সভাপতি কোন কারণে দায়িত্ব পালনে অপারগ হলে নিম্নলিখিত নির্দেশনা অনুযায়ী মাদরাসা পরিচালিত হবে :

১। কোন ফাজিল ও কামিল মাদরাসার নিয়মিত গভর্নিং বডি/এডহক কমিটির সভাপতি না থাকার কারণে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা উত্তোলনের সমস্যা সৃষ্টি হলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ক্রমিক নং- ১৭.৪ অনুযায়ী “ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি এবং প্রতিষ্ঠান প্রধান এমপিও বিলে যৌথভাবে স্বাক্ষর করবেন। নিয়মিত কমিটি/এডহক কমিটি/সভাপতির অবর্তমানে অথবা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ম্যানেজিং কমিটির মধ্যে সৃষ্ট মতপার্থক্যের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে এমপিও উত্তোলনের ক্ষেত্রে জটিলতা তৈরি হলে জেলা সদরে অবস্থিত মাদরাসার ক্ষেত্রে জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক এবং জেলা সদরের বাইরের মাদরাসার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার সভাপতির হলে স্বাক্ষর করবেন। প্রতিষ্ঠান প্রধানের অবর্তমানে প্রতিষ্ঠানের সহকারী প্রধান এবং তার অবর্তমানে প্রতিষ্ঠানের জ্যেষ্ঠতম শিক্ষক প্রতিষ্ঠান প্রধানের হলে স্বাক্ষর করবেন”।

২। কোন কারণে ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষ না থাকলে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বেসরকারি মাদরাসা শিক্ষক ও কর্মচারীদের চাকরির শর্তাবলি সংক্রান্ত প্রবিধান-২০১৯ এর

১২। ক. “মাদরাসায় অধ্যক্ষ পদ শূন্য হলে/অধ্যক্ষের অবর্তমানে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে উপাধ্যক্ষকে দায়িত্ব প্রদান করতে হবে। উপাধ্যক্ষ না থাকলে ভারপ্রাপ্ত অধ্যক্ষ জ্যেষ্ঠতার ভিত্তিতে নির্বাচিত হবে এবং সে সাথে পরবর্তী ০৬ (ছয়) মাসের মধ্যে বিধি মোতাবেক অধ্যক্ষ নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ক.১. ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদানের এক বছরের মধ্যে নিয়মিত অধ্যক্ষ আবশ্যিকভাবে নিয়োগ প্রদান করতে হবে।

ক.২. ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রাপ্তির ১ মাসের মধ্যে গভর্নিং বডির রেজুলেশনসহ প্রয়োজনীয় কাগজপত্র ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় প্রেরণ করতে হবে”।

৩। জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা নির্ধারণ : ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত বেসরকারি মাদরাসা শিক্ষক ও কর্মচারীদের চাকরির শর্তাবলি সংক্রান্ত প্রবিধান-২০১৯ এর ১২(খ) “শিক্ষক ও কর্মচারীদের পারস্পরিক জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা তাদের সংশ্লিষ্ট পদে প্রথম এমপিওভুক্তির তারিখ থেকে গণনা করা হবে। তবে এমপিওভুক্তি একই তারিখে হলে জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে যোগদানের তারিখ বিবেচনা করা হবে। যোগদানের তারিখ একই হলে জন্ম তারিখের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারণ হবে। জন্ম তারিখ একই হলে যার শিক্ষাগত যোগ্যতা বেশি তিনি জ্যেষ্ঠ হবেন”।

৪। ফাজিল ও কামিল মাদরাসায় কোন কারণে অধ্যক্ষ না থাকলে তদহলে সংশ্লিষ্ট মাদরাসার উপাধ্যক্ষ ভিন্ন অপর কোন শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করতে পারবেন না। কোন কারণে উপাধ্যক্ষের দায়িত্ব গ্রহণে অপারগতা প্রকাশ অসদাচরণ বলে গণ্য হবে।

৫। অধ্যক্ষের ছুটিকালীন সময়ে/অন্যত্র কোন দায়িত্ব পালনকালে উক্ত সময়ের জন্য দায়িত্বপ্রাপ্ত ভারপ্রাপ্ত অধ্যক্ষ শুধু রুটিন ওয়ার্ক করবেন।

৬। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং স্মারক নং- ইআবি/রেজি./প্রশা./২০১৫/৪০৭৩, ০১.১১.২০১৭খ্রি. তারিখের জারিকৃত অফিস আদেশটি বাতিল বলে গণ্য হবে।

উপাচার্যের অনুমোদনক্রমে

(এ.এস. মাহমুদ)

রেজিস্ট্রার

মোবাইলঃ ০১৭০৫৪০৮০০১

তারিখ: ০৪/০২/২০২১

স্মারক নং- ইআবি/রেজি/গভ./বিবিধ/২০২০/ ৮৬৭(২৬)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ গার্লস গাইড অ্যাসোসিয়েশন, লেভেল-০৭ ও ১০, নিউ বেইলি রোড, ঢাকা।
- ৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। পরিদর্শক, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৭। জেলা প্রশাসক (সকল)।
- ৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)।
- ৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ১০। সভাপতি, গভর্নিং বডি/এডহক কমিটি, সংশ্লিষ্ট ফাজিল/কামিল মাদরাসা।
- ১১। অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), প্রাথমিক পাঠদানের অনুমতি প্রাপ্ত, অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসা।
- ১২। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
- ১৩। উপাচার্যের একান্ত সচিব (মাননীয় উপাচার্যের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ১৪। ব্যবস্থাপক, সংশ্লিষ্ট ব্যাংক।
- ১৫। আই.সি.টি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ১৬। সংশ্লিষ্ট নথি।

(ড. মো. আশ্ফ হোসাইন)  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
মোবাইলঃ ০১৭০৫৪০৮০০৪